



সূত্র : মাভবিপ্রবি/রেজি/এস্টেট/ডে.রে.-এস্টেট/৪% হারে গৃহ নির্মাণ ঋণ/২০২০/১৯৫৮ (৬৫)

তারিখ : ০৭ আশ্বিন ১৪২৮
২২ সেপ্টেম্বর ২০২১

সাধারণ বিজ্ঞপ্তি

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত “পাবলিক বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের শিক্ষক, কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ নীতিমালা-২০১৯”-এর আওতায় ৪% হারে গৃহ নির্মাণ ঋণ প্রদানের জন্য গত ২৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অর্থ মন্ত্রণালয়, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং রূপালী ব্যাংক লিঃ এর মাঝে ত্রিপাক্ষিক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। উক্ত সমঝোতা স্মারকের ভিত্তিতে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য গৃহনির্মাণ বা ফ্ল্যাট ক্রয়ের ঋণ প্রদানের লক্ষ্যে যাবতীয় প্রস্তুতিকাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে মর্মে রূপালী ব্যাংক লিঃ, টাঙ্গাইল কর্পোরেট শাখা জানিয়েছেন।

২। নীতিমালার ৪(ঘ) নং অনুচ্ছেদে বর্ণিত ঋণ প্রাপ্তির শর্ত অনুযায়ী বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নির্ধারিত ব্যাংক শাখায় আবেদনকারীর একটি হিসাব থাকতে হবে। উক্ত হিসাবের মাধ্যমে সংশ্লিষ্ট ঋণগ্রহীতার বেতন/ভাতা/পেনশন এবং গৃহ নির্মাণ বা ফ্ল্যাট ক্রয়ের ঋণ বিতরণ ও কিস্তি আদায় সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে। সে অনুযায়ী এ বিশ্ববিদ্যালয়ের গৃহ নির্মাণ বা ফ্ল্যাট ক্রয়ের জন্য আগ্রহী ঋণ গ্রহীতাদের রূপালী ব্যাংক লিঃ, টাঙ্গাইল কর্পোরেট শাখায় একটি হিসাব খুলতে হবে।

৩। গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত নীতিমালার আলোকে সরকার হতে ভর্তুকি গ্রহণের লক্ষ্যে সরকারের সমন্বিত বাজেট এবং হিসাব রক্ষণ ব্যবস্থায় (iBAS++) প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য আগ্রহী ঋণ গ্রহীতাকে সংযুক্ত “পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীর চাকরি সংক্রান্ত ফরম (লিঙ্ক: ক)” পূরণপূর্বক নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করে রেজিস্ট্রার বরাবর আবেদন করতে হবে।

- ক) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
- খ) আবেদনকারীর অবসরের তারিখ সংক্রান্ত প্রমানক;
- গ) বেতন সংক্রান্ত প্রত্যয়নপত্র;
- ঘ) রূপালী ব্যাংক লিঃ, টাঙ্গাইল কর্পোরেট শাখায় পরিচালিত সঞ্চয়ী হিসাব সংক্রান্ত তথ্য (ইংরেজিতে)।

৪। পরবর্তীতে রূপালী ব্যাংক লিমিটেড-এর ওয়েব সাইটে (<https://www.rupalibank.org>) প্রবেশ করে অনলাইনে ঋণ প্রাপ্তির জন্য আবেদন করতঃ আবেদনের প্রিন্টকপির সাথে প্রয়োজনীয় কাগজাদি (উল্লিখিত ওয়েব সাইট হতে জানা যাবে) সংযুক্ত করে রূপালী ব্যাংক লিঃ, টাঙ্গাইল কর্পোরেট শাখায় প্রেরণ করতে হবে।

প্রয়োজনীয় অনলাইন লিঙ্ক:

- ক) বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর চাকরি সংক্রান্ত তথ্য প্রদানের ফরম:

<https://mof.gov.bd/site/page/536d7627-46cd-4663-8684-a22d904e4752/Loan-Forms>

- খ) ঋণ প্রক্রিয়াকরণ পদ্ধতি:

<https://mof.gov.bd/site/page/7a0d1f20-0197-49e2-85ef-e95c36e09992/Loan-Sanction-Process>

- গ) সংশ্লিষ্ট নীতিমালা ও ব্যাংকের অনলাইন আবেদনের লিঙ্ক: <https://rupalibank.org/rblloan>

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-

(ড. মোহা: তৌহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাভাবিপ্রবি।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রো-ভাইস-চ্যান্সেলর, মাভাবিপ্রবি।
২. কোষাধ্যক্ষ, মাভাবিপ্রবি।
৩. ডিন, ইঞ্জিনিয়ারিং/লাইফ সায়েন্স/সায়েন্স/বিজনেস স্টাডিজ/সোস্যাল সায়েন্স/কলা অনুষদ, মাভাবিপ্রবি।
৪. চেয়ারম্যান, সিএসই/আইসিটি/টিই/ইএসআরএম/সিপিএস/বিজিই/এফটিএনএস/বিএ/পদার্থবিজ্ঞান/রসায়ন/গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/ফার্মেসি/বিএমবি/ হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/ইংরেজি বিভাগ, মাভাবিপ্রবি।
৫. গ্রন্থাগারিক (ভারপ্রাপ্ত), মাভাবিপ্রবি।
৬. প্রভোস্ট, জননেতা আব্দুল মন্নান হুস/আলেমা খাতুন ভাসানী হুস/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হুস/শহীদ জিয়াউর রহমান হুস/শহীদ জননী জাহানারা ইমাম হুস, মাভাবিপ্রবি।
৭. প্রক্টর, মাভাবিপ্রবি।
৮. পরিচালক, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শ কেন্দ্র, মাভাবিপ্রবি।
৯. পরিচালক (হিসাব), মাভাবিপ্রবি।
১০. পরিচালক, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস, মাভাবিপ্রবি।
১১. পরীক্ষা নিয়ন্ত্রক, মাভাবিপ্রবি।
১২. বিশ্ববিদ্যালয় প্রকৌশলী, মাভাবিপ্রবি।
১৩. পরিচালক, মাওলানা ভাসানী রিসার্চ সেন্টার, মাভাবিপ্রবি।
১৪. পরিচালক, শরীরচর্চা শিক্ষা বিভাগ, মাভাবিপ্রবি।
১৫. পরিচালক (পরিবহন), মাভাবিপ্রবি।
১৬. পরিচালক, আইসিটিসেল, মাভাবিপ্রবি।
১৭. পরিচালক, আইকিউএসি, মাভাবিপ্রবি।
১৮. পরিচালক, গবেষণা সেল, মাভাবিপ্রবি।
১৯. এডিটর ইন চিফ, জার্নাল অব সায়েন্স এন্ড টেকনোলজি, মাভাবিপ্রবি।
২০. কো-অর্ডিনেটর, সাইবার সেন্টার, মাভাবিপ্রবি।
২১. ডেপুটি চিফ মেডিকেল অফিসার ও অফিস প্রধান, মেডিকেল সেন্টার, মাভাবিপ্রবি।
২২. কমান্ড্যান্ট, বিএনসিসি, মাভাবি।
২৩. উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর অফিস (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), মাভাবিপ্রবি।
২৪. উপ-পরিচালক (জনসংযোগ), জনসংযোগ ও প্রেস প্রকাশনা দপ্তর, মাভাবিপ্রবি।
২৫. সহকারী মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, টাঙ্গাইল কর্পোরেট শাখা, টাঙ্গাইল।
২৬. শাখা প্রধান ----- রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি।
২৭. উপ-রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর কার্যালয়, মাভাবিপ্রবি।
২৮. নথি।